

শাহজালাল বিমানবন্দরসহ আশপাশ ‘নীরব এলাকা’ ঘোষণা

- A Monitor Desk Report

Date: 21 September, 2024



ঢাকা: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন এলাকা ও তার উত্তর-দক্ষিণে দেড় কিলোমিটার এলাকাকে ‘নীরব এলাকা’ হিসেবে ঘোষণা করতে যাচ্ছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)।

শুক্রবার (২০ সেপ্টেম্বর) ঢাকা উত্তর সিটি করপোরেশন সূত্রে এ তথ্য জানা গেছে।

এর আগে, ডিএনসিসির প্রশাসক মাহমুদুল হাসান এ বিষয়ে একটি আদেশ জারি করে সেখানে বলেন, আগামী ১ অক্টোবর থেকে বিষয়টি কার্যকর হবে পাশাপাশি সংশ্লিষ্ট সব দপ্তরে চিঠি পাঠানো হয়েছে।

চিঠিতে উল্লেখ করেছেন, শব্দদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০০৬ এর বিধি-৩ অনুযায়ী হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকা ও তার উত্তর-দক্ষিণে দেড় কিলোমিটার (স্কলাস্টিকা স্কুল হতে হোটেল ‘লা মেরিডিয়ান’ পর্যন্ত) এলাকাকে ‘নীরব এলাকা’ হিসেবে ঘোষণা করা হলো। বিষয়টি ১ অক্টোবর তারিখ হতে কার্যকর হবে।

এ বিষয়ক চিঠি ইতোমধ্যে জননিরাপত্তা বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, পরিবেশ অধিদপ্তর, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষসহ বিভিন্ন দপ্তরে পাঠানো হয়েছে।

-B